# লক্ষ্য সেরা বিশ্ববিদ্যালয় হওয়া

**নিজস্ব প্রতিবেদক**
০১ আগস্ট ২০২৬, ১২:০০ এএম



দেশে শিক্ষার্থীদের বড় একটি অংশ উচ্চশিক্ষা নেওয়ার জন্য বিদেশে চলে যান। আবার দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করতে অনেক খরচ বহন করতে হয়। উচ্চশিক্ষায় বিদেশমুখী মনোভাব কমাতে এবং দেশের মানুষের আর্থিক সাশ্রয়ের কথা চিন্তা করে যাত্রা শুরু করে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ)। ইউনাইটেড গ্রুপের অর্থায়নে ২০০৩ সালের অক্টোবর মাসে মাত্র ৭৬ জন শিক্ষার্থী নিয়ে পথ চলা শুরু হয়। বর্তমানে প্রায় ১২,০০০ ছাত্রছাত্রী পড়াশোনা করছেন ইউনিভার্সিটিতে। এ বিশ্ববিদ্যালয় নিয়ে বিস্তারিত তুলে ধরেছেনÑ শাহিন আলম শাওন

**আধুনিক সুযোগ-সুবিধা**

ঢাকা সিটির মাদানী এভিনিউর ইউনাইটেড সিটিতে সবুজে ঘেরা সুবিশাল দৃষ্টিনন্দন ক্যাম্পাস। ক্যাম্পাসে আসার জন্য শিক্ষার্থীদের ট্রান্সপোর্টের সুবিধা আছে। ইউআইইউর দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকদের পাঠদান এবং আন্তরিক প্রচেষ্টায় আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামগুলো পরিচালনা করা হয়। শিক্ষার্থীদের জন্য রয়েছে একটি সুবিশাল লাইব্রেরি। আন্তর্জাতিক মানের মাল্টিমিডিয়া শীতাতপ নিয়ন্ত্রিত ১০০টি স্মার্ট শ্রেণিকক্ষ। ভবনের সামনেই আছে সুবিশাল দৃষ্টিনন্দন ১৮ বিঘা একটি খেলার সবুজ মাঠ। আরও আছে ২টি গ্যালারি ও বিশাল আকারের ১টি মাল্টিপারপাস হল। এ ছাড়াও রয়েছে একটি আধুনিক জিমনেসিয়াম, ক্যাফেটেরিয়া ও নামাজের কক্ষ। হাতে-কলমে শিক্ষাদানের জন্য ইউআইইউতে সার্কিট ল্যাব, মেশিন অ্যান্ড পাওয়ার সিস্টেম ল্যাব, ডিজিটাল ডিজাইন ল্যাব, কম্পিউটার ল্যাব, মাইক্রোপ্রসেসর ল্যাব, হাইড্রোলিক্স ল্যাব, সার্ভেয়িং ল্যাব, এসএম ল্যাব ও ইলেকট্রনিকস ল্যাবসহ ৬০টিরও অধিক ল্যাব রয়েছে। সারাবছর শিক্ষার্থীদের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড এবং সৃজনশীল প্রতিভা বিকাশে সর্বমোট ২৯টি ক্লাব ও ফোরাম কাজ করে যাচ্ছে।

**যেসব বিষয় পড়ানো হয়**

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে চারটি স্কুলের মাধমে বিভিন্ন বিষয়ে পড়ানো হয়। বর্তমানে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামগুলো হচ্ছেÑ বিএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ডেটা সায়েন্স, বিএসসি ইন ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, ব্যাচেলর অব ফার্মেসি, ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ), বিবিএ ইন এআইএস (অ্যাকাউন্টিং ইনফরমেশন সিস্টেম), ব্যাচেলর অব সায়েন্স ইন ইকোনমিকস, বিএসএস ইন মিডিয়া স্টাডিজ অ্যান্ড জার্নালিজম (এমএসজে), বিএসএস ইন এনভারমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (ইডিএস), বিএ ইন ইংরেজি, ব্যাচেলর অব ফার্মেসি এবং ব্যাচেলর অব সায়েন্স ইন বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং। গ্র্যাজুয়েট প্রোগ্রামগুলো হচ্ছেÑ মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ), এক্সিকিউটিভ এমবিএ, এমএস ইন ইকোনমিকস, মাস্টার ইন ডেভেলপমেন্ট স্টাডিজ (এমডিএস), এমএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। এ ছাড়া সিসকো নেটওয়ার্কিং একাডেমি, সিডিআইপি, আইবিইআর, সিইআর ও পিইটিএর মাধ্যমে এখানে বেশ কয়েটি ডিপ্লোমা ও শর্ট কোর্স পরিচালনা করা হয়।

**দেশি ও আন্তর্জাতিক স্বীকৃতি**

ইউআইইউ ২০১৯ থেকে ২০২৬ পর্যন্ত ধারাবাহিকভাবে কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি এশিয়া র‍্যাংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অন্যতম শীর্ষস্থান ধরে রেখেছে। মর্যাদাপূর্ণ নেচার ইনডেক্স ইনস্টিটিউশনাল র‍্যাংকিং ২০২৬-এ ভূ ও পরিবেশ বিজ্ঞান বিভাগে ইউআইইউ বাংলাদেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। এ ছাড়া টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ টাইমস হায়ার এডুকেশন দ্য ইমপ্যাক্ট র‍্যাংকিং ২০২৬ ইউআইইউ বাংলাদেশের মধ্যে তৃতীয় স্থান অর্জন করেছে। একই সঙ্গে ২০২০-২৫ এসডিজি ক্যাটাগরিতে ইউআইইউ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ২য় স্থান ধরে রেখেছে।

ইউআইইউয়ের বিজনেস স্কুল বিশ্বখ্যাত মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক ‘এসিবিএসপি’ কর্তৃক স্বীকৃত বা অ্যাক্রেডিটেড। বাংলাদেশে প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে ইউআইইউ বিনা শর্তে ১০ বছরের জন্য এ স্বীকৃতি অর্জন করেছে।

**গুরুত্বপূর্ণ অর্জন**

ইউআইইউ মার্স রোভার টিম, যুক্তরাষ্ট্রের ইউটার হ্যাংকসভিলে অনুষ্ঠিত মর্যাদাপূর্ণ ইউনিভার্সিটি রোভার চ্যালেঞ্জ (ইউআরসি) ২০২৬ প্রতিযোগিতায় বিশ্বে ৩য় এবং এশিয়ায় ১ম স্থান অর্জন করে। একই সঙ্গে এশিয়ার ২০ বছরের ইউআরসি প্রতিযোগিতার ইতিহাসে এটি একটি অনন্য অর্জন হিসেবে স্বীকৃতি পেয়েছে। ২০২২ থেকে ২০২৬ সাল পর্যন্ত টানা পাঁচবার এশিয়ার ১ম দল হওয়ার গৌরব অর্জন করে। রোভার টিম দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ রোবোকাপ রেসকিউ লিগ ২০২৬-এ প্রথমবার অংশগ্রহণ করেই ১৫তম স্থান লাভ করে। ইউআইইউ ডিবেট ক্লাব (ইউআইইউডিসি) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ‘জাগুক তরুণ, বাঁচুক পরিবেশ’ শীর্ষক জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে। এ ছাড়াও গত বছর ইউআইইউ ডিবেট ক্লাব অকো-টেক্স প্রেজেন্টস ‘বুটেক্স ন্যাশনাল ডিবেট ফেস্টিভ্যাল ২০২২’-এ বিশ্ববিদ্যালয় পর্যায়ের বাংলা বিতর্কে চ্যাম্পিয়ন এবং শহীদ ড. শামসুজ্জোহা মেমোরিয়াল ৬ষ্ঠ গোল্ড বাংলাদেশ ন্যাশনাল ডিবেট ফেস্ট ২০২২-এ অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছিল।

**গবেষণা**

ইউআইইউ ইনস্টিটিউট ফর অ্যাডভান্স রিসার্চ স্কলারদের সহযোগিতা ও অনুপ্রেরণায় দেশ ও বিদেশের বিভিন্ন কোলাবরেশনের মাধ্যমে একাডেমিয়া এবং ইন্ডাস্ট্রি একত্রে কাজ করছে। গড়ট-এর মাধ্যমে এ পর্যন্ত ৪৬টি জাতীয় এবং ৪৯টি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের অংশগ্রহণে ১৬৫টিরও বেশি গবেষণা প্রকল্পে অর্থায়নসহ কাজ করেছে। গত ৩ বছরে আইএআর অর্থায়িত প্রকল্পগুলো থেকে আন্তর্জাতিক জার্নালে ১০০টিরও বেশি গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়েছে। ইউআইইউ গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য প্রতিবছর ৩ কোটি টাকা প্রদান করে। বিভিন্ন সম্মেলনে গবেষণাপত্র উপস্থাপনের জন্য শিক্ষার্থীদের ১৫,০০০ টাকা এবং শিক্ষকদের ৫০,০০০ টাকা প্রদান করা হয়। আন্তর্জাতিক স্কোপাস ইনডেক্স জার্নালে প্রকাশের পর প্রতিটি গবেষণাপত্রের জন্য শিক্ষকদের ২৫,০০০ টাকা ইনসেনটিভ প্রদান করে থাকে।

**স্কলারশিপের সুযোগ-সুবিধা**

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে মেধাবী শিক্ষার্থীদের জন্য স্কলারশিপের ব্যবস্থা রয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ভালো ফলের ওপর ভিত্তি করে টিউশন ফির ওপর ২৫% থেকে ৫০% পর্যন্ত ছাড়ের ব্যবস্থা রয়েছে। এ ছাড়া প্রতি ট্রাইমিস্টার ফাইনাল রেজাল্ট-এর ওপর ভিত্তি করে ১০ শতাংশ শিক্ষার্থীকে ২৫ থেকে ১০০ শতাংশ পর্যন্ত টিউশন ফি ছাড়ের ব্যবস্থা রয়েছে। মোট শিক্ষার্থীর ৩ শতাংশ হারে মুক্তিযোদ্ধা সন্তাদের ফ্রি পড়ার বিশেষ ব্যবস্থা রয়েছে। এ ছাড়াও এখানে ভাইবোন, উপজাতীয় কোটা, সরকারি চাকরিজীবীদের জন্য টিউশন ফি ছাড়ের ব্যবস্থা আছে। মোট ভর্তিকৃত ছাত্রছাত্রীর ৩% হারে মেধাবী ও প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ছাত্রছাত্রীর জন্য ১০০% ছাড়ের ব্যবস্থা রয়েছে।

**ক্রেডিট ট্রান্সফার ও ভর্তির প্রক্রিয়া**

ইউআইইউ শিক্ষার্থীরা চাইলে ক্রেডিট ট্রান্সফার করে দেশ-বিদেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ে পড়তে পারেন। ইউআইইউর সঙ্গে আমেরিকা, কানাডা, ইউকে, জাপান, পর্তুগাল, মালয়েশিয়া থাইল্যান্ডসহ বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোলাবরেশন আছে। বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়। ন্যূনতম জিপিএ ২.৫০ থাকলেই প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন।

**সফল্য**

**ইউআইইউ আমার ভবিষ্যৎ স্বপ্ন বাস্তবায়নের মেন্টর**

**জাকির হোসেন, সফটওয়্যার ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার, অ্যামাজন.কম**

কারিকুলাম আন্তর্জাতিক মানে সাজানো, স্কিলস বেস প্রশিক্ষণ, প্রকল্পভিত্তিক লার্নিং এবং গবেষণার অভ্যাস গড়ে ওঠায় বিদেশে পেশাগত দায়িত্ব পালনে আলাদা সুবিধা হয়। ইউআইইউ বিশেষ করে শিক্ষা ও গবেষণাপদ্ধতি, এআইভিত্তিক গবেষণা, টেকসই উন্নয়ন পদ্ধতি, নবায়নযোগ্য শক্তিনির্ভর প্রযুক্তি ইত্যাদি বিষয়ে ধারণা প্রদান করে থাকে। একজন শিক্ষার্থীর ভবিষ্যৎ স্বপ্ন বাস্তবায়নে মেন্টরিংয়ের মতো গুরুত্বপূর্ণ কাজটি করে দেয়।

**ইউআইইউতে শেখা বিষয়গুলো আজও আমাকে অনুপ্রাণিত করে**

**কাজী ওয়াসেক বিন খোরশেদ, রিজিয়ন হেড, ম্যারিকো বাংলাদেশ লিমিটেড**

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে কাটানো সময়গুলোই আমার পেশাগত যাত্রার ভিত্তি গড়ে দিয়েছে। আমার এই যাত্রার কথা যখন ভাবি, তখন কেবল আমার পেশাজীবন নয়, বরং আমার ব্যক্তিত্ব গঠনেও ইউআইইউর ভূমিকার জন্য আমি গভীরভাবে কৃতজ্ঞতা বোধ করি। ইউআইইউ চীনে আমার প্রথম ইন্টার্নশিপের ব্যবস্থা করেছিল এবং সালমা করিম ম্যাডামের (পরিচালক, বিবিএ প্রোগ্রাম) পরামর্শ ও নির্দেশনায় আমি একটি বহুজাতিক কোম্পানিতে (গঘঈ) যোগদানের নিয়োগপত্রে স্বাক্ষর করেছিলাম। ইউআইইউতে শেখা বিষয়গুলো আজও আমাকে অনুপ্রাণিত করে। আমার কর্মজীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করে তুলেছে।